

ঢাবিতে রমজানে প্রোগ্রাম আয়োজনে নিষেধাজ্ঞা

অনলাইন ডেক্স

প্রকাশিত: ২০:৪৮, ২০ মার্চ ২০২৪



ঢাকা বিশ্ববিদ্যালয়। ফাইল ফটো

রমজানের আলোচনা সম্পর্কিত কোনো প্রোগ্রামের অনুমতি না দিতে হলের প্রভোস্তা অনুষদের ডিন ও ইনসিটিউটের পরিচালকদের চিঠি দিয়েছে প্রক্টর অফিস।

বুধবার (২০ মার্চ) বিশ্ববিদ্যালয়ের প্রক্টর ড. মো. মাকসুদুর রহমান স্বাক্ষরিত এক চিঠিতে, নিষেধাজ্ঞা দেওয়া হয়।

সম্প্রতি বিশ্ববিদ্যালয়ের আইন বিভাগের কয়েকজন শিক্ষার্থী 'প্রোডাক্ট রমাদ্বান' শিরোনামে রমজান বিষয়ক আলোচনা আয়োজন করে। এতে ছাত্রলীগ হামলা করার অভিযোগ ওঠে। ঘটনায় অন্তত পাঁচজন গুরুতর আহত হয়।

চিঠির ভাষ্য মতে, এ ঘটনার জের ধরে কিছু রাজনৈতিক সংগঠন ও রাজনৈতিকভাবে পরিচ্ছিক ব্যক্তিবর্গ ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস অঙ্গীকৃত করার লক্ষ্যে বিষয়টিকে ভিন্ন খাতে প্রবাহিত করে আসে।

করার অপচেষ্টায় লিপ্ত রয়েছে। বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ বিষয়টি আইন শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীকে জানিয়েছে। একই সঙ্গে শিক্ষার সুষ্ঠু পরিবেশ ও অনাকাঙ্ক্ষিত ঘটনা এড়ানোর জন্ম এ ধরনের কোনো কর্মকাণ্ড পরিচালনার অনুমতি না দেওয়ার অনুরোধ করছে।

আইন অনুষদের শিক্ষার্থীদের ওপর হামলার ঘটনায় ৩ সদস্যবিশিষ্ট তদন্ত কমিটি গঠন করা হয়েছে। সহকারী প্রক্টর ফার্মেসি অনুষদের অধ্যাপক ড. আব্দুল মুহিত নেতৃত্বে কমিটিটে রয়েছেন ইলেকট্রিকাল ও ইলেক্ট্রনিক ইঞ্জিনিয়ারিং বিভাগের সহযোগী অধ্যাপক ড. এম. এ. পলাশ এবং প্রাণিবিদ্যা বিভাগের সহযোগী অধ্যাপক ড. মো. মোস্তাফিজুর রহমান।

কমিটিকে নিয়মতান্ত্রিকভাবে কাজ তদন্ত শেষ করতে নির্দেশ দেওয়া হয়েছে। তবে কোনো সময় বেঁধে দেওয়া হয়নি।